

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

স্মারক নং-৪৬.০৪২.০১৪.০৩.০২.০০৩.২০১৪. ৪৭০৩

তারিখঃ ৩০/১২/২০১৫ খ্রিঃ।

বিষয় : মানিকগঞ্জ জেলার ঘিওর বাজারে জেলা পরিষদের মালিকানাধীন ১০ শতাংশ জমিতে জেলা পরিষদের রাজস্ব অর্থায়নে বহুতল বিশিষ্ট সেমিবেইজমেন্টসহ (ছয়তলা) বানিজ্যিক কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের দরপত্র অনুমোদন।

সূত্র : মানিকগঞ্জ জেলা পরিষদের স্মারক নং-জেপ-মানিক/প্রকৌ/প্রকল্প-১/২০১৫/১০৮৯, তারিখঃ ৭/১২/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জেলা পরিষদ দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুযায়ী মানিকগঞ্জ জেলার ঘিওর বাজারে জেলা পরিষদের মালিকানাধীন ১০ শতাংশ জমিতে জেলা পরিষদের রাজস্ব অর্থায়নে বহুতল বিশিষ্ট সেমিবেইজমেন্টসহ (ছয়তলা) বানিজ্যিক কমপ্লেক্স নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে ০.০৪% নিম্নদরে সর্বনিম্ন দরদাতা মেসার্স লাকী-কনস্ট্রাকশন কর্তৃক দাখিলকৃত ৪,৫০,৯৫,৫০৭/- (চার কোটি পঞ্চাশ লক্ষ পচানব্বই হাজার পাঁচশত সাত) টাকার দরপত্রটি নিম্নে বর্ণিত শর্তে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

- ১) দরপত্র আহবানের পর হতে ঠিকাদারকে কার্যাদেশ প্রদানের জন্য নির্ধারিত সময় ব্যতিত অন্য কোন কারণে প্রকল্প বাস্তবায়নের কাজে বিলম্ব করা যাবেনা;
- ২) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, এতদসংক্রান্ত সর্বসম্মত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পটি বাস্তবায়নপূর্বক মন্ত্রণালয় একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে।


(জুবাইদা নাসরীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মানিকগঞ্জ।

অনুলিপিঃ (জ্ঞাতার্থে /কার্যার্থে) :

১। প্রশাসক, জেলা পরিষদ, মানিকগঞ্জ।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।